# ফোর-ইন-ওয়ান কুরআন শিক্ষা কোর্স

(লেভেল-১, ২য় ব্যাচ-(ক্লাস-১)

বিষয়: আরবী ব্যাকরণ ও অক্ষর-১

---

❖ কুরআনিক আরবী ব্যাকরণ জানার কল্যাণ

১. অর্থ বুঝে সরাসরি কুরআনের জ্ঞান অর্জন করা যায়। তবে, বর্তমানে পৃথিবীর সকল বড় ভাষায় কুরআনের অনুবাদ আছে। তাই কুরআনের জ্ঞান অর্জনের নীতিমালা জানা থাকলে-

- অনুবাদ পড়ে কুরআনের ভাল জ্ঞান অর্জন করা সম্ভব
- অনুবাদে থাকা ভুল সনাক্ত করাও সম্ভব

২. কুরআন মুখস্থ পড়ার সময় ভুল কম হয়

উদাহরণ

إِنَّا أَنْزَلْنَاهُ فِي لَيْلَةِ الْقَدْرِ . وَمَا أَدْرَاكَ مَا لَيْلَةُ الْقَدْرِ . لَيْلَةُ الْقَدْرِ خَيْرٌ مِنْ أَلْفِ شَهْرٍ.

## কুরআন জানা-বুঝার জন্য যে পরিমান আরবী ব্যাকরণ জানা দরকার

إِنَّ اللَّهَ لَا يَسْتَحْيِي أَنْ يَضْرِبَ مَثَلًا مَا بَعُوضَةً فَمَا فَوْقَهَا ۚ فَأَمَّا الَّذِينَ آمَنُوا فَيَعْلَمُونَ أَنَّهُ الْحَقُّ مِنْ رَبِّهِمْ ۖ

অনুবাদ : নিশ্চয় আল্লাহ মশা বা তার চেয়ে ক্ষুদ্র প্রাণির উদাহরণ দিতে লজ্জাবোধ করেন না। অতঃপর যারা মু'মিন তারা জানে যে, নিশ্চয়ই উহা (উদাহরণ) তাদের রবের নিকট থেকে আসা সত্য শিক্ষা (নির্ভুল শিক্ষা)। (আল বাকারা/২ : ২৬)

## আরবী ব্যাকরণের সংজ্ঞা

❖ আরবী ব্যাকরণ দু'টি অংশের সমন্বয়ে গঠিত-

১. عِلْمُ الصَّرْفِ বা শুধু الصَّرْفُ
২. عِلْمِ النَّحْوِ বা শুধু النَّحْوُ

### عِلْمُ الصَّرْفِ

আরবী ব্যাকরণের সে দিককে বুঝায় যেখানে শব্দের বিভিন্ন পরিবর্তন (যা অর্থে পরিবর্তন আনে) নিয়ে আলোচনা করা হয়।

### عِلْمُ النَّحْو

আরবী ব্যাকরণের সে দিককে বুঝায় যেখানে নিম্নোক্ত বিষয়ের আলোচনা থাকে-

১. বাক্যের গঠন
২. বাক্যস্থিত শব্দসমূহের পারস্পরিক সম্পর্ক
৩. শব্দসমূহের শেষ বর্ণের সাথে জড়িত অক্ষর বা হরকতের পরিবর্তন।

### صِيْغَة

কর্তার পুরুষ, লিংঙ্গ ও বচন অনুযায়ী ক্রিয়ার পরিবর্তনকে صِيْغَة বলে।

❖ আরবী অক্ষর

আরবী অক্ষর ২৯টি

❖ শ্রেণীবিভাগ-

১. সূর্য অক্ষর/ الحُرُوْفُ الشَّمْسِيَّةُ
২. চন্দ্র অক্ষর/ الحُرُوْفُ القَمَرِيَّةُ
৩. মাদের অক্ষর/ حُرُوْفُ المَدِّ
৪. অসুস্থ বা দুর্বল অক্ষর/ حُرُوْفُ العِلَّةِ
৫. সুস্থ বা সবল অক্ষর/ الحُرُوْفُ الصَّحِيْحَةُ
৬. আলিফ-মাকসুরা

১. সূর্য অক্ষর (**اَلْحُرُوْفُ الشَّمْسِيَّةُ**)

যে বর্ণের পূর্বে اَلْ যোগ হলে ঐ বর্ণ তাশদিদ গ্রহণ করে এবং اَلْ এর লাম অনুচ্চারিত থাকে

❖ সূর্য অক্ষর ১৪টি

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ض | ص | ش | س | ز | ر | ذ | د | ث | ت |
| | | | | | | ن | ل | ظ | ط |

27

| |
|---|
| اَلسَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ |
| اَلصَّلَاةُ خَيْرٌ مِنَ النَّوْمِ |

28

২. চন্দ্র অক্ষর (**اَلْحُرُفُ القَمَرِيَّةُ**)

- যে বর্ণের পূর্বে اَلْ যোগ হলে বর্ণটি তাশদিদ গ্রহণ করে না এবং اَلْ এর লাম উচ্চারিত হয়
- চন্দ্র অক্ষর ১৫টি

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ك | ق | ف | غ | ع | خ | ح | ج | ب | أ |
| | | | | | ي | ء | ه | و | م |

32

| |
|---|
| حَيَّ عَلَى الْفَلَاحِ |
| اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِينَ |
| أَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ |
| وَالشَّمْسِ وَضُحَاهَا |
| وَالْقَمَرِ إِذَا تَلَاهَا |

33

## Laboratory Test

ইতোমধ্যে শেখা ব্যাকরণ ব্যবহার করে সালাতের পঠিত বিষয় অনুধাবন

اَلسَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ

সালামের অর্থ কী?

اَلسَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ

❖ কোনটি অধিক উত্তম? আপনাদের উপর সকল শান্তি ও আল্লাহর রহমত (বর্ষিত হোক)

১. اَلسَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ

২. Good morning

৩. জানি না

কারণ কী?

মহান আল্লাহ আমাদের সকলকে ইসলাম সঠিকভাবে বুঝা, সে অনুযায়ী আমল করা এবং অপরকে বুঝানো তৌফিক দান করুন। আমিন! ছুম্মা আমিন!!

---

কুরআন রিসার্চ ফাউন্ডেশন সম্পর্কে বিস্তারিত জানতে
ওয়েবসাইট : www.qrfbd.org
ই-মেইল : qrfbd2012@gmail.com
সার্বিক যোগাযোগ
০১৯৪৪-৪১১৫৫৯(আইটি), ০১৯৭৯-৪৬৪৭১৭(দাওয়াহ)